

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 শিক্ষা মন্ত্রণালয়
 মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
 বেসরকারি মাধ্যমিক-৩
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd



নথি নং-৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০২১.৩৭

২৮ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ
 তারিখ : ১১ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠানের জমি জরুরিভিত্তিতে নামজারি ও জমাখারিজ সম্পাদনসহ তথ্যাদি হালনাগাদ করে সংরক্ষণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি, পাঠদান ও একাডেমিক স্থীরূপি পাওয়ার পরেও প্রতিষ্ঠানের নামীয় জমি এখনও নামজারি ও জমাখারিজ করা হয়নি। নামজারি ও জমা খারিজ না করার কারণে বিভিন্ন ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হচ্ছে এবং অনাকাঙ্ক্ষিত মামলার উভব হচ্ছে। অধিকস্তুতি, নামজারি না হওয়ার কারণে কিছু অসাধু চক্র কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানের জমি বেহাত হওয়ার আশংকা থেকে যাচ্ছে। স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের জমির পরিমাণ, বিবরণ, খতিয়ান, নামজারি ও জমা খারিজ, ভূমি উন্নয়ন করের দাখিলা, জমির দলিল এবং বাস্তব দখলের কাগজপত্র হালনাগাদ করে একটি ফাইল সংরক্ষণ করা প্রয়োজন।

০২. এমতাবস্থায়, শিক্ষা প্রতিষ্ঠানের জমি যাতে কোনক্রমেই বেহাত না হয় এবং ভবিষ্যতে জটিলতা এডানো যায় সে লক্ষ্যে জরুরিভিত্তিতে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের নামীয় জমি নামজারি ও জমাখারিজসহ হালনাগাদ ভূমি উন্নয়ন করে পরিশোধ করে একটি রেজিস্টারে তথ্যাদি সংরক্ষণের জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে নির্দেশনা প্রদান করা হলো।

০৩. একইসাথে, শিক্ষা প্রতিষ্ঠানের ভূমি এবং অন্যান্য স্থাবর/অস্থাবর সম্পত্তির একটি সমন্বিত তালিকা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ করার জন্য নির্দেশক্রমে অনুশাসন প্রদান করা হলো।

১৪২৭/০২/২০২১
 (মোমিনুর রশিদ আমিন)
 অতিরিক্ত সচিব
 ফোন: ৯৫৪০৯০৮

মহাপরিচালক
 মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
 শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি/কার্যালয়ে প্রেরণ করা হলো (জ্যোতিতার ত্রুমানসারে নয়) :

১. বিভাগীয় কমিশনার, ----- (সকল)।
২. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ----- (সকল)।
৪. জেলা প্রশাসক, ----- (সকল)।
৫. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৬. উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ----- অঞ্চল (সকল)।
৯. উপজেলা নির্বাহী অফিসার, ----- (সকল)।
১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ----- অঞ্চল (সকল)।
১২. জেলা শিক্ষা অফিসার, ----- (সকল)।
১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ----- (সকল)।
১৪. অফিস কপি।